গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.mha.gov.bd

নম্বর ৪৪.০০.০০০০.০১৯.০২.০০৮.১৪-৯৯৯ তারিখ : ৩০/০৭/২০১৫

সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয় ঃ বাংলাদেশ দূতাবাসসমূহে প্রথম সচিব এর শূন্যপদে কর্মকর্তা নিয়োগ ।

বাংলাদেশ দূতাবাস/হাই কমিশন/কনসাল জেনারেল এর অফিসসমূহে প্রথম সচিবের ১৫ (পনের) টি পদে কর্মকর্তা নিয়োগের জন্য অপর পৃষ্ঠায় মুদ্রিত "জীবন বৃত্তান্ত ছক" অনুযায়ী স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে যোগ্য/আগ্রহী কর্মকর্তাদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

পদ ও মিশনের নাম	পদ সংখ্যা	আবেদনকারীর যোগ্যতা	কাজের বিবরণ
ক) পদ: প্রথম সচিব মিশনের নামঃ জেদ্দা সৌদি আরব), রিয়াদ (সৌদি আরব), দুবাই (সংযুক্ত আরব আমিরাত), আবুধাবী (সংযুক্ত আরব আমিরাত), কুয়ালালামপুর (মালয়েশিয়া), মাস্কাট (ওমান), দোহা (কাতার), কুয়েত সিটি, সিঙ্গাপুর, রোম (ইটালী), ওয়াশিংটন (যুক্তরাষ্ট্র), নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র), লন্ডন (যুক্তরাজ্য) ও অটোয়া (কানাডা) খ) পদ : দ্বিতীয় সচিব মিশনের নাম : বার্মিংহাম (যুক্তরাজ্য)	১৫ (পনের)টি	সিনিয়র সহকারী সচিব	বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এবং বাংলাদেশে ভ্রমণে ইচ্ছুক ব্যক্তিদের মেশিন রিডেবল ভিসা (এমআরভি) প্রদান।

শর্তাবলী ঃ

১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী ১৩ আগস্ট, ২০১৫ তরিখের মধ্যে "জীবন বৃত্তান্ত ছক" পূরণপূর্বক সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে সম্বোধন করে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ আবেদন করবেন। লিখিত আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে উপসচিব (প্রশাসন-১), স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ভবন নং-০৮, কক্ষ নং-৩১৬, ৪র্থ তলা) এর নিকট পৌঁছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। আবেদনকারীর চাকরি স্থায়ী হতে হবে।

৩। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৩(তিন) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৪। যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসের সমমর্যাদার পদে যাঁরা ইতঃপূর্বে চাকরি করেছেন তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৫। ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না।

৬। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭। প্রার্থীত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৭ নম্বর ক্রমিকে) উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারে থাকবে।

৮। **গত ৩০/০৪/২০১৫ তারিখের ৪৪.০০.০০০০.০১৯.০২.০০৮.১৪-৬২৯ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল কর্মকর্তা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

৩০/৭/১৫

(সুরাইয়া পারভীন শেলী)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫২৯
mha.bd.ad1@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩। সিনিয়র সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৪। সিনিয়র সচিব/সচিব, ...(সকল)মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা(তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)
৫। অতিরিক্ত সচিব .... (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর (তাঁকে তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো)
৭। যুগ্মসচিব .... (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপসচিব .... (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়। (বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)।
১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা.
১২। সিনিয়র সহকারী সচিব .... (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তাঁকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।

জীবন বৃত্তান্ত

১। নাম ও পরিচিতি নং (যদি থাকে) ঃ
২। বর্তমান আবাসিক ঠিকানা ঃ
৩। স্থায়ী ঠিকানা ঃ
৪। জন্ম তারিখ ঃ
৫। পদবী এবং বর্তমান কর্মস্থল ঃ
৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ ঃ
৭। বর্তমান বেতন স্কেল ঃ
৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখ ঃ
৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেওয়ার তারিখ পর্যন্ত) ঃ
১০। ইতঃপূর্বে যে সকল মন্ত্রণালয়ে কাজ করিয়াছেন তাহার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ। ঃ
১১। বিগত ০৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন তাহার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা। ঃ
১২। শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি/ম্যাট্রিক হইতে মাষ্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করিতে হইবে)। ঃ
১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ ঃ

প্রশিক্ষণ	প্রশিক্ষণের স্থান (ইনস্টিটিউশনের নামসহ)	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের বিষয়
(ক) স্থানীয় ঃ			
(খ) বিদেশী ঃ			

১৪। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করিতে হইবে।) ঃ
১৫। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে) ঃ
১৬। বিবাহিত/অবিবাহিত ঃ
১৭। প্রার্থীত পদের নাম ঃ
১৮। অন্যান্য বিষয় (যদি থাকে) ঃ

আবেদনকারীর স্বাক্ষর
ফোন নম্বর ঃ
অফিস-
বাসা-